# প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ, উদ্ধার অবিস্ফোরিত আরেকটি

লেখক: প্রকাশক | প্রকাশিত: 10 October 2026, 10:18 AM | বিভাগ: জাতীয়

রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে পালিয়েছে দুই দুর্বৃত্ত। শুক্রবার (৯ অক্টোবর) দিবাগত রাত সোয়া ১টার দিকে মোটরসাইকেলে এসে তারা বিস্ফোরণ ঘটায়। এতে কেউ হতাহত হয়নি। ঘটনাস্থল থেকে আরও একটি অবিস্ফোরিত ককটেল উদ্ধার করে পুলিশ। পরে রাত আড়াইটার দিকে বোমা নিষ্ক্রিয়করণ ইউনিট সেটি নিষ্ক্রিয় করে। পালিয়ে যাওয়া দুজনকে শনাক্ত ও গ্রেপ্তারে কাজ করছে পুলিশ। এ ঘটনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে বাড়তি নিরাপত্তা জোরদার করা হয়েছে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।